# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫০৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭১]

২। তাহারাহ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২১. পায়খানার পর পানি দিয়ে ইস্তিঞ্জা করা।

باب الاِسْتِنْجَاءِ بِالْمَاءِ مِنَ التَّبَرُّزِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، وَغُنْدَرٌ، عَنْ شُعْبَةَ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، ـ وَاللَّفْظُ لَهُ ـ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي مَيْمُونَةَ، أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ، يَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَدْخُلُ الْخَلاَءَ فَأَحْمِلُ أَنَا وَغُلاَمٌ نَحْوِي إِدَاوَةً مِنْ مَاءٍ وَعَنَزَةً فَيَسْتَنْجِي بِالْمَاءِ .

বাংলা

৫০৮-(৭০/২৭১) আবূ বকর ইবনু আবূ শাইবাহ, মুহাম্মাদ ইবনু আল মুসান্না (রহঃ) ..... আনাস ইবনু মালিক (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন শৌচাগারে ঢুকতেন তখন আমি এবং আমার মতই একটি বালক পানির লোটা ও একখানা ছোট বর্শা বয়ে নিয়ে যেতাম। অতঃপর তিনি পানি দিয়ে ইস্তিঞ্জা করতেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫১১, ইসলামিক সেন্টারঃ ৫২৭)

## English

Chapter: Cleaning oneself with water after defecating

Anas b. Malik reported: When the Messenger of Allah (ﷺ) entered the privy, a servant and I used to carry a skin of water, and a pointed staff, and he would cleanse himself with water.

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

তখনকার যুগে বর্তমান সময়ের মতো অত্যাধুনিক বাথরুম ছিল না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

অত্যন্ত লজ্জাশীল ছিলেন, তিনি বাথরুমে যাওয়ার সময় আড়াল করতেন। তাই তিনি একটি বর্শা নিতেন, যার উপর কাপড় দিয়ে আড়াল করে নিয়ে তিনি তার কাজ সারতেন।

হাদীসের শিক্ষা

১. শুধু পানি দিয়ে ইস্তিঞ্জা করা (পবিত্র হওয়া) জায়েয। বরং শুধু পাথরের চেয়ে শুধু পানি দিয়ে ইস্তিঞ্জা করা উত্তম। কারণ, পানি দ্বারা বেশি পবিত্র হওয়া যায়। তবে পাথর ও পানি দু'টি ব্যবহারে নিষেধ নেই। তখন আগে পাথর ব্যবহার করবেন পরে পানি; যাতে করে পরিপূর্ণ পবিত্রতা অর্জিত হয়। ইমাম নাওয়াওয়ী বলেছেন যার ওপর সালাফ ও খালাফের একটি গোষ্ঠী একমত এবং বিখ্যাত ফাতওয়াবিদরা ঐকমত্য পোষণ করেছেন তা হলো, পাথর (ঢিলা) ও পানি উভয়টি ব্যবহার করা উত্তম।

২ মুসলিমের উচিত আগে থেকেই পবিত্রতা অর্জনের ব্যবস্থাপনা রাখা; কারণ হতে পারে তার অব্যবস্থাপনার কারণে প্রয়োজন সেরেই দাঁড়িয়ে যাবে ফলে কাপড়-চোপড় ময়লা করে ফেলবে।

৩. গোপনাঙ্গ ঢাকা ফরয। স্ত্রী ব্যতীত কারো গোপনাঙ্গের দিকে নজর দেয়া জায়েয নয়।

৪. ছোট বাচ্চাদের দ্বারা খেদমত নেয়া জায়েয, যদিও তারা স্বাধীন লোক হয়।

৫. এ হাদীসের মাধ্যমে আনাস রাদ্বিয়াল্লাহু 'আনহুর মর্যাদা ও তার বুদ্ধিমত্তাও সাব্যস্ত হচ্ছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন